সংবাদ।

024

তারিখ ১৩/১/৮১
পৃষ্ঠা ১ কলাম ৮

# প্রাথমিক শিক্ষকরা আজ 'বিশ্বাস ভঙ্গ দিবস' পালন করছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

প্রাথমিক বিদ্যালয়সমূহ পৌর কর্পোরেশন ও স্থানীয় সরকারের হাতে দেয়ার সরকারী সিদ্ধান্তের প্রতিবাদে প্রাথমিক শিক্ষক সমিতি আজ মংগলবার 'বিশ্বাস ভংগ দিবস' পালন করছে।

এ উপলক্ষে আজ সকাল দশটায় বায়তুল মোকাররম প্রাঙ্গণে এক শিক্ষক গণজমায়েতের আয়োজন করা হয়েছে। জমায়েত শেষে শিক্ষকরা সচিবালয়ের সামনে অবস্থান ধর্মঘট করার কর্মসূচী নিয়েছেন। এর প্রস্তুতি হিসেবে গতকাল শিক্ষক সমিতি এক বিক্ষোভ মিছিল বের করে। কলাভবন থেকে বের হয়ে মিছিলটি শহরের বিভিন্ন রাস্তা প্রদক্ষিণ করে। দেশের বিভিন্ন রাজনৈতিকদল ও প্রধান প্রধান ছাত্র সংগঠনগুলো শিক্ষকদের বিশ্বাস ভঙ্গ দিবসের কর্মসূচীর প্রতি সমর্থন জানিয়েছে। ছাত্র সংগঠনগুলো আজ সকল শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘট আহবান করেছে। সকালে মিছিলসহ-

(শেষ পৃঃ ৮-এর কঃ দেখুন)

025

## প্রাথমিক শিক্ষক

(প্রথম পাতার পর)

কারে বায়তুল মোকাররমে শিক্ষকদের জমায়েতে যোগ দেয়ার কর্মসূচী নিয়েছে।

ছাত্রলীগ (মুনির-হাসিব) গতকাল শিক্ষকদের দাবীর সমর্থনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের লয় এলাকায় মিছিল বের করে।

শ্রমিক কৃষক সমাজবাদী দল শিক্ষকদের দাবী অবিলম্বে মেনে নেয়ার দাবী জানিয়েছে।

জনমুক্তি পার্টির সভাপতি জনাব মাহফুজ ভূইয়া শিক্ষকদের প্রতি সরকারের আচরণের নিন্দা করে তাদের দাবী মেনে নেয়ার আহবান জানিয়েছেন।

গণতান্ত্রিক পার্টির ষ্টাডিং কমিটির চেয়ারম্যান জনাব নুরুল হুদা মির্জা অবিলম্বে প্রাথমিক বিদ্যালয় সংক্রান্ত অধ্যাদেশটি বাতিল করে তাদের দাবী মেনে নেয়ার আবেদন জানান।

বাংলাদেশ ছাত্র ইউনিয়নের কেন্দ্রীয় কমিটির সভাপতি আবদুল মান্নান খান ও সাধারণ সম্পাদক আনোয়ারুল হক প্রাথমিক শিক্ষক সমিতি আহূত 'বিশ্বাসভংগ দিবস' কর্মসূচীর প্রতি পূর্ণ সমর্থন ঘোষণা করেছেন এবং প্রাথমিক শিক্ষকদের সমর্থনে ধর্মঘট করে বায়তুল মোকাররম প্রাঙ্গণে সমবেত হবার জন্য ছাত্র ইউনিয়নের কর্মী ও ছাত্র সমাজের প্রতি আহ্বান জানিয়েছেন।

বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি জনাব কামরুজ্জামান ও সাধারণ সম্পাদিকা মিসেস হেনা দাস প্রাথমিক শিক্ষকদের দাবী ও সংগ্রামের প্রতি পূর্ণ একাত্মতা ঘোষণা করেন এবং তাদের দাবী মেনে নিয়ে শিশু শিক্ষার ক্ষেত্রে অচলাবস্থার নিরসন করার আহ্বান জানান।